

দুরালাপনী : +৮৮ ০২৩৩৩৩২৩৮০১-৮০৮

Website: [www.cnfctg.org](http://www.cnfctg.org), [www.cnfctg.net](http://www.cnfctg.net)

E-mail: [cnfctg@gmail.com](mailto:cnfctg@gmail.com), [cnfctg@yahoo.com](mailto:cnfctg@yahoo.com)

# চট্টগ্রাম কাস্টমস্ এজেন্টস্ এসোসিয়েশন

## CHATTOGRAM CUSTOMS AGENTS ASSOCIATION

সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আগাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম-৪১০০

প্রচার পত্র নং-৬০/২০২৩

তারিখ ০৩/১০/২০২৩খ্রিঃ

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

### জরুরী দৃষ্টি আকর্ষণ

এতদ্বারা সকল সম্মানিত সদস্যবৃন্দের দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, গত ০৮/০৫/২০০১খ্রিঃ তারিখে অনুষ্ঠিত এসোসিয়েশনের ১৬ তম বার্ষিক সাধারণ সভায় আমদানী ও রপ্তানী বিল অব এন্ট্রির বিপরীতে এসোসিয়েশন কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে ডকুমেন্ট গুন্ডায়ন ও ছাড় করানোর ক্ষেত্রে জড়িত প্রতিষ্ঠানের উপর প্রতিটি বিল অব এন্ট্রির বিপরীতে ৫ (পাঁচ) হাজার টাকা জরিমানা আরোপ করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। উক্ত সিদ্ধান্ত কার্যকরের বিষয়ে প্রচার পত্র নং- ৫১/২০০১ তাং-২৪/০৫/২০০১, প্রচার পত্র নং- ২২/২০১০ তাং- ০১/০৪/২০১০ ও প্রচার পত্র নং- ৩৫/২০১০ তাং- ০২/০৬/২০১০ এবং সর্বোপরি প্রচার পত্র নং- ২০/২০১৪ তাং-০৯/০৩/২০১৪ মূলে সাধারণ সদস্যদের জানানো হয়েছে। এসোসিয়েশনের নির্ধারিত ফি পরিশোধ না করে বি/ই দাখিল না করার জন্য বারবার তাগাদা দেওয়া সত্ত্বেও সম্প্রতি এসোসিয়েশনের কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে বিল অব এন্ট্রি দাখিল করার প্রবণতা লক্ষ্য করা যাচ্ছে।

এই প্রেক্ষিতে এসোসিয়েশন কল্যাণ তহবিলের অর্থ পরিশোধ ব্যতিরেকে বিল অব এন্ট্রি দাখিল না করার জন্য সম্মানিত সকল সদস্যদের প্রতি অনুরোধ করা যাচ্ছে। অনলাইনে আমদানি ও রপ্তানি বিল অব এন্ট্রি দাখিল করার সাথে সাথে এসোসিয়েশনের নির্ধারিত ফি পরিশোধ করার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হল। অন্যথায় সাধারণ সভার সিদ্ধান্ত অনুসারে প্রতি বি/ই এর বিপরীতে ৫০০০/- টাকা হারে জরিমানা প্রদান করতে হবে।



কাজী মাহমুদ ইমাম বিলু  
সাধারণ সম্পাদক